

## আপনার সন্তানের অঙ্গীকার

এই সেকশন কাজের প্রতি আপনার সন্তানের অঙ্গীকার সম্পর্কে তথ্য দিবে। নম্বর ১, ২, ৩ অথবা ৪ কলাম সি'তে রিপোর্ট করা হবে।

১. আপনার সন্তান উচ্চ স্তরের মটিভেশন (প্রেষনা) প্রদর্শন করে।
২. আপনার সন্তান সাধারণত ভালো মটিভেশন প্রদর্শন করে।
৩. আপনার সন্তান সামান্য মটিভেশন প্রদর্শন করে।
৪. আপনার সন্তান কাজ শেষ করতে অনীহা প্রকাশ করে।

## আরো উন্নতি করা

অধিকাংশ ক্ষেত্রে, ৫-১৪ পাঠ্যক্রম অনুযায়ী আরো উন্নতির সম্ভাবনা থাকে। তবে, এই সেকশনটি শিক্ষক/শিক্ষিকাদেরকে তাদের কাজের নির্দিষ্ট দিক চিহ্নিত করার সুযোগ দেয়।

## উপস্থিতি

এই সেকশন অর্ধ দিনগুলোতে সম্ভাব্য উপস্থিতি এবং অর্ধ দিনগুলোতে আপনার সন্তানের প্রকৃত উপস্থিতি অবহিত করছে।

## বাবামা/অভিভাবকদের জন্য সংক্ষিপ্ত বিবরণী

আপনার সন্তানের রিপোর্ট বুঝতে আপনাকে সাহায্য করার লক্ষ্যে এবাডীনশায়ার এর স্কুলগুলোতে ৫-১৪ পাঠ্যক্রমে শিক্ষাদান সম্পর্কিত তথ্যগুলোর এই সংক্ষিপ্ত বিবরণী প্রদান করা হলো।

## প্রতিবেদন (রিপোর্ট)

এই রিপোর্ট আপনাকে আপনার সন্তানের ৫-১৪ পাঠ্যক্রমের প্রতিটি বিভাগে অগ্রগতি সম্পর্কে তথ্য দিবে।

### ৫-১৪ পাঠ্যক্রম

৫-১৪ পাঠ্যক্রম হলো ৫ থেকে ১৪ বছর বয়সী ছাত্র/ছাত্রীদের শিক্ষণ কর্মসূচী। পাঠ্যক্রমের আওতাধীন এলাকাগুলো হলো ব্যক্তিগত ও সামাজিক উন্নয়ন, ইংরেজী ভাষা, গনিত, অভিব্যক্তিপূর্ণ চারুকলা, এনভায়রনমেন্টাল স্টাডিজ বা পরিবেশগত শিক্ষা, ধর্মীয় ও নৈতিক শিক্ষা, এবং আধুনিক ইউরোপীয় ভাষাসমূহ।

পাঠ্যক্রমের কোন কোন এলাকা পাঁচটি স্তরে ভাগ করা হয়েছে (এ - ই)। শিক্ষণ শুরু হয় লেবেল এ থেকে এবং তারপর আপনার শিশুর চাহিদা অনুযায়ী বি, সি, ডি ও ই - এ অগ্রসর হয়। ৫ - ১৪ পাঠ্যক্রমের অধিকাংশ বিষয় নয় বছর সময়ের মধ্যে শেষ হয় (প্রথম সাত বছর হলো প্রাইমারী স্কুল এবং শেষ দুই বছর সেকেন্ডারী স্কুল)। ব্যতিক্রম হলো আধুনিক ইউরোপীয় ভাষাসমূহ যা প্রাইমারী ৬ থেকে শুরু হয়।

এটা জানা থাকা জরুরী যে এই লেভেল অনুযায়ী অগ্রসর হওয়ার সময় আপনার সন্তানের একের অধিক স্কুল সেশনে অংশ নেয়ার সম্ভাবনা রয়েছে।

ইংরেজী ভাষা ও গনিতের মূল্যায়ণ ও রিপোর্ট করা হয় স্তর ভিত্তিতে।

### স্তরের জাতীয় প্রত্যাশা

ছাত্র/ছাত্রীরা পাঠ্যক্রমের বিভিন্ন বিভাগে কিভাবে এগোতে পারে এই লেভেলগুলো সে সম্পর্কে জাতীয় প্রত্যাশা তুলে ধরে। তবে, ছাত্র/ছাত্রীরা বিভিন্ন হারে ও বিভিন্ন উপায়ে শিখে থাকে। রিপোর্টে উল্লিখিত লেবেলগুলো, লেবেল এ - ই ব্যবহার করে আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে আপনাকে তথ্য দিবে।

লেবেল এ - প্রায় সব ছাত্র/ছাত্রীর P1 - P3 এর মধ্যে অর্জন করা উচিত।

লেবেল বি - P3 এ কিছু এবং P4 এ অধিকাংশ ছাত্র/ছাত্রীর অর্জন করা উচিত।

লেবেল সি - অধিকাংশ ছাত্র/ছাত্রীর P4 - P6 এর এটি অর্জন করা উচিত।

লেবেল ডি - P5 - P6 এ কিছু এবং P7 এ অধিকাংশ ছাত্র/ছাত্রীর অর্জন করা উচিত।

লেবেল ই - P7 - S1 এ কিছু এবং S2 এ অধিকাংশ ছাত্র/ছাত্রীর অর্জন করা উচিত।

(যে সব ছাত্র/ছাত্রী S2 শেষ হওয়ার আগে লেবেল ই এর উপরে কাজ করছে তাদের জন্য সম্প্রতি লেভেল এফ গাইডলাইন তৈরী করা হয়েছে)।

## জাতীয় মূল্যায়ণের বিভিন্ন লেভেল বা স্তর

স্কুলকে ছাত্র/ছাত্রীর পড়া, লেখা ও গনিতে জাতীয় অর্জনের স্তর রিপোর্টে উল্লেখ করতে হয়। আপনার সন্তান যে স্তর অর্জন করেছে তা কলাম এন - এ উল্লেখ করা হয়।

### লক্ষ্য অর্জনে কাজ করা

কোন একটি লেভেল সফলভাবে অর্জনের পর আপনার সন্তান পরবর্তী লেভেলের কাজ শুরু করবে।

যেমন আপনার সন্তান যদি গনিতে সফলভাবে লেভেল এ অর্জন করে তবে সে লেভেল বি এর কাজ শুরু করবে - সে লেভেল বি অর্জনের লক্ষ্যে কাজ করবে।

আপনার সন্তান যদি লেভেল বি এর প্রাথমিক পর্যায়ে থাকে, তবে সে কলাম ডব্লিউ (ডায়াগ্রাম ১) এর প্রথম সেকশনের বক্সে লেভেল বি পাবে।

আপনার সন্তান যদি লেভেল বি এর মাঝামাঝি পর্যায়ে থাকে, তবে কলাম ডব্লিউ (ডায়াগ্রাম ২) এর দ্বিতীয় সেকশনের বক্সে লেভেল বি পাবে।

আপনার সন্তান যদি লেভেল বি এর শেষ পর্যায়ে থাকে, তবে সে কলাম ডব্লিউ (ডায়াগ্রাম ৩) এর তৃতীয় সেকশনের বক্সে লেভেল বি পাবে।

B		
---	--	--

ডায়াগ্রাম ১

	B	
--	---	--

ডায়াগ্রাম ২

		B
--	--	---

ডায়াগ্রাম ৩

### সহায়তা

কাজ শেষ করতে আপনার সন্তানের যে সব সহায়তা দরকার এই সেকশন সে সম্পর্কে তথ্য দিবে। এই সহায়তা হবে আপনার সন্তানকে দেয় যথাযথ শিক্ষণ সময়ের *অতিরিক্ত*। নম্বর ১, ২, ৩ বা ৪ কলাম এস২ এ রিপোর্ট করা হবে।

- সফলভাবে কাজ শেষ করতে আপনার সন্তানের সামান্য বাড়তি সহায়তা লাগে।
- সফলভাবে কাজ শেষ করতে আপনার সন্তানের কিছু বাড়তি সহায়তা লাগে।
- সফলভাবে কাজ শেষ করতে আপনার সন্তানের প্রায়শঃই বাড়তি সহায়তা লাগে।
- সফলভাবে কাজ শেষ করতে আপনার সন্তানের যথেষ্ট পরিমাণ বাড়তি সহায়তা লাগে।